

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং: ০১

তারিখ: জানুয়ারি ১১, ২০২১
পৌষ ২৭, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রিয় মহোদয়,

পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ০৫/২০২০ তারিখ: ডিসেম্বর ৩০, ২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০৫/২০২০ তারিখ: সেপ্টেম্বর ০৯, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষেপে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বছরের প্রারম্ভে পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা যথাক্রমে অনূন্য ২% এবং ১৫% নির্ধারণ করতে হবে। উক্ত হারসমূহ পূর্ববর্তী বছরের ডিসেম্বর ৩১ ভিত্তিক নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ ও মোট শ্রেণিকৃত ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ণীত হবে। উল্লেখ্য, নির্দেশিত লক্ষ্যমাত্রা এ বিভাগকে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে।

(খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জনের হার তাদের বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অনূন্য ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) অর্জনের হার তাদের বিতরণকৃত মোট ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতীত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অনূন্য ২০% অর্জন নিশ্চিত করতে হবে।

(ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিবেশ বান্ধব ও টেকসই পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের মাধ্যমে বার্ষিক কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা রাখবে।

(ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রিন ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) কার্যক্রমের অর্জন তাদের CAMELS Rating এবং Sustainability Rating of Banks and Financial Institutions এর মূল্যায়নে বিবেচিত হবে।

৩। পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) ত্বরান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকাণ্ড পরিচালনা করবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd